রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ৯, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা

আদেশ

তারিখ, ২৫শে আষাঢ়, ১৪০৮বাং/৯ই জুলাই, ২০০১ইং

এস, আর, ও নং ১৮৭-আইন/২০০১—Services (Reorganisation and Conditions) Act, 1975 (XXXII of 1975)-এর Section 4-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিলেন ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন**।—(১) এই আদেশ জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে স্বাস্থ্য অধিদপ্তর এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো ও ব্যবস্থাপনা একীভূতকরণ আদেশ, ২০০১ নামে অভিহিত হইবে।

(২) ইহা সরকারী গেজেটে প্রকাশের তারিখে কার্যকর হইবে।

২। **একীভূত কাঠামো গঠন**।—এই আদেশের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, সরকার আদেশ দ্বারা স্বাস্থ্য অধিদপ্তর এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ের সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাসক্রমে একীভূত সাংগঠনিক কাঠামো গঠন করিতে পারিবে।

৩। **একীভূত ব্যবস্থাপনা**।—এই আদেশের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, সরকার স্বাস্থ্য অধিদপ্তর এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের জেলা, বিভাগ, ও জাতীয় পর্যায়ের কার্যাবলী পর্যালোচনাক্রমে উহাদের একীভূত ব্যবস্থাপনার আদেশ জারি করিতে পারিবে।

৪। **শর্তাবলী**।—একীভূত কাঠামো ও কার্যাবলী ব্যবস্থাপনার ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী প্রযোজ্য হইবে, যথা ঃ—

(ক) স্বাস্থ্য অধিদপ্তর এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অনুমোদিত সকল পদ উপ-অনুচ্ছেদ (গ) এর বিধানাবলী সাপেক্ষে, অস্থায়ীভাবে একীভূত কাঠামোতে অন্তর্ভুক্ত থাকিবে। এইক্ষেত্রে রাজস্ব খাতভুক্ত এবং উন্নয়ন খাতভুক্ত পদসমূহ বর্তমানের ন্যায় আপততঃ আলাদাভাবে থাকিবে। যথানিয়মে সংস্থাপন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগের সম্মতি গ্রহণপূর্বক একীভূত সাংগঠনিক কাঠামো চূড়ান্তভাবে গঠন করা হইবে:



মূল্যঃ টাকা ১.০০

(খ) চূড়ান্ত একীভূতকরণের পূর্বে সংশ্লিষ্ট পর্যায়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের বিদ্যমান বেতন-ভাতা ও আনুষাংগিক সুবিধার পরিবর্তন হইবে না। তবে উন্নয়ন খাতভুক্ত কর্মকর্তা ও কর্মচারীগণ রাজস্বখাতের অধীনে স্থানান্তরিত হইলে তাঁহাদের বেতন-ভাতা ও আনুষাংগিক সুবিধাদি বিদ্যমান জাতীয় বেতন স্কেল ও সরকার কর্তৃক এই বিষয়ে জারীকৃত আদেশ-নির্দেশের সংগে সংগতি রাখিয়া নির্ধারিত হইবে;

(গ) সরকার বা তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কর্তৃপক্ষ একীভূত কাঠামোভুক্ত জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণকে তাঁহাদের যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয় বিবেচনাক্রমে একই কর্মস্থলে অথবা বর্তমান কর্মস্থলের বাহিরে একীভূত ব্যবস্থাপনা এবং সেবাদান কার্যক্রমের সুবিধার্থে যথাযথ পদে, নিয়োগ বা বদলি করিতে পারিবে;

(ঘ) সরকার বা তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কর্তৃপক্ষ একীভূত কাঠামোর পরিপ্রেক্ষিতে এবং সেবাদান কার্যক্রমের স্বার্থে বর্তমানে জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য পুনর্বিন্যাস এবং তাঁহাদেরকে নতুন বা পরিবর্তিত দায়িত্ব অর্পণ করিতে পারিবে; এবং

(ঙ) এই আদেশ পূর্ণাংগরূপে বাস্তবায়নের উদ্দেশ্যে সরকার বা তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কর্তৃপক্ষ প্রয়োজনবোধে একীভূত কাঠামোভুক্ত সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের পারস্পরিক জ্যেষ্ঠতা নির্ধারণ, তাঁহাদের দায়িত্ব সম্পাদন, তদারকি, সুযোগ-সুবিধা ইত্যাদি বিষয় বিশদভাবে পর্যালোচনাক্রমে, প্রয়োজনীয় আদেশ জারী করিতে পারিবে এবং প্রয়োজনবোধে সংশ্লিষ্ট নিয়োগবিধি সংশোধন বা নূতন নিয়োগবিধি প্রণয়ন করা হইবে।

৫। **বেতন-ভাতা ও আর্থিক সুবিধাদির খাত।**—একীভূত সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত কর্মকর্তা ও কর্মচারীগণ বেতন-ভাতা ও অন্যান্য আর্থিক সুবিধাদি সংশ্লিষ্ট অনুমোদিত খাত হইতে গ্রহণ করিবেন। তবে অর্থ বিভাগের সম্মতিক্রমে উক্ত খাত পরিবর্তন বা একীভূত করিয়া আদেশ জারী করা যাইবে।

৬। **ব্যাখ্যা প্রদান ইত্যাদি।**—এই আদেশ পূর্ণাঙ্গরূপে বাস্তবায়ন না হওয়া পর্যন্ত উহাতে উল্লিখিত কোন বিষয়ে অথবা এই আদেশে উল্লিখিত হয় নাই এমন কোন বিষয়ে ব্যাখ্যার প্রয়োজন হইলে সরকার আদেশ দ্বারা উক্ত ব্যাখ্যা প্রদান করিতে পারিবে।

৭। **সংজ্ঞা।**—এই আদেশে 'একীভূত কাঠামো' বলিতে স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে একীভূত সাংগঠনিক কাঠামো বুঝাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মনিরুজ্জামান**
সচিব।

আবদুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।